

ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল

মহাপরিচালক, বি.এ.আর.আই (২০১০-২০১৭)

বাংলাদেশের বিশিষ্ট কৃষিবিজ্ঞানী এবং স্বনামধন্য কৃষিতত্ত্ববিদ ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল অক্টোবর ২০১০ সাল থেকে জানুয়ারী ২০১৭ সাল পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) এর মহাপরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন।

ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল মহাপরিচালক হিসাবে দায়িত্ব পালনকালীন সময়ে বিএআরআই বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-২০১২, স্বাধীনতা পুরস্কার-২০১৪, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক পুরস্কার-২০১৪, কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (কেআইবি) পুরস্কার-২০১৬, ব্রাক ম্যানথন ডিজিটাল ইনোভেশন এওয়ার্ড-২০১৬ এবং দি রিফ্লেকটর এওয়ার্ড-২০১৩ অর্জন করেছিল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিএআরআই পরিদর্শন করেছিলেন ২০১২ সালের ১লা মার্চ এবং বিএআরআই এর গবেষণা কাজের ভূয়সী প্রশংসা করেন।

মহাপরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি ২০০৯ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন। এর আগে ২০০৭ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) এবং সদস্য পরিচালক (মৎস্য) হিসাবে দায়িত্ব পালন করেন। বিএআরসিতে যোগদানের পূর্বে তিনি আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়ীর হাট, রংপুর (২০০৪-২০০৭) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে কর্মরত ছিলেন। এর আগে উর্দুতন বৈজ্ঞানিক কর্মকর্তা হিসাবে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই যশোর এ (১৯৮৭-১৯৯০) কর্মরত ছিলেন এবং ১৯৮০ থেকে ১৯৮৭ সাল পর্যন্ত এবং ১৯৯০ থেকে ২০০৪ সাল পর্যন্ত তৈলবীজ গবেষণা কেন্দ্র, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর বিজ্ঞানী হিসাবে কর্মরত ছিলেন। তিনি প্রধানত: তৈলবীজ ফসলের উপর গবেষণা করেছিলেন। ড. মন্ডল তৈলবীজ ফসলের জাত উন্নয়ন, উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন এবং চার ফসল ভিত্তিক ফসল ধারা উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। তিনি কৃষি সংক্রান্ত বেশ কিছু পুস্তক, পুস্তিকা, বুলেটিন, বুকলেট এককভাবে এবং যৌথভাবে রচনা করেছেন এবং দেশী বিদেশী জার্নালে বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তাঁর প্রকাশিত বইয়ের সংখ্যা একক ও যৌথভাবে ২৫টি, বুকলেট/লিপলেট ২৫টি এবং ১০০ টির অধিক বৈজ্ঞানিক প্রবন্ধ দেশী-বিদেশী জার্নালে প্রকাশিত হয়েছে।

ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল বারি সরিষা-৬, বারি সরিষা-১১, বারি সরিষা-১৫ উদ্ভাবনে প্রধান বিজ্ঞানী হিসাবে এবং বারি সরিষা-৭, বারি সরিষা-৮, বারি সরিষা-৯, বারি সরিষা-১০ এবং বারি সরিষা-১৪ উদ্ভাবনে সহযোগী বিজ্ঞানী হিসাবে ভূমিকা রাখেন। এছাড়া চিনাবাদামের জাত ডিএম-১(ত্রিাদানা),

এসিসি-১২ (ঝিংগা বাদাম), বারি চিনাবাদাম-৫, বারি চিনাবাদাম-৬; সয়াবিনের জাত সোহাগ, বাংলাদেশ সয়াবিন-৪, বারি সয়াবিন-৫, গর্জন তিলের জাত নিগ-১ এবং তিসির জাত নিলা উদ্ভাবনে সহযোগী বিজ্ঞানী হিসাবে কাজ করেন।

জনাব রফিকুল ইসলাম মডল রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার কাদিরাবাদ হাই স্কুল থেকে ১৯৭০ সালে এস.এস.সি, কারমাইকেল কলেজ রংপুর থেকে ১৯৭২ সালে এইচ.এস.সি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা থেকে ১৯৭৮ সনে বিএসসি এজি (সম্মান) এবং ১৯৮০ সনে বিএইউ, ময়মনসিংহ থেকে কৃষিতত্ত্ব এমএসসি (এজি) এবং ১৯৮৬ সনে কর্নেল ইউনিভার্সিটি, ইউএসএ থেকে কৃষিতত্ত্ব এমএস এবং ২০০০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

ড. মোঃ রফিকুল ইসলাম বাংলাদেশ কৃষিতত্ত্ব সমিতি, কৃষিবিদ ইনস্টিটিউটশন, বাংলাদেশ এবং বাংলাদেশ আগাছা বিজ্ঞান সমিতির আজীবন সদস্য। তিনি বাংলাদেশ কৃষিতত্ত্ব সমিতি এবং বাংলাদেশ আগাছা বিজ্ঞান সমিতির দীর্ঘদিন সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি ২০০৫-২০০৬ মেয়াদে বিএআরআই বিজ্ঞানী সমিতির সভাপতি এবং ২০০৮-২০০৯ মেয়াদে বিএআরসি কর্মকর্তা সমিতির সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতি এবং বাংলাদেশ উদ্ভিদ বিজ্ঞান সমিতির সদস্য ছিলেন। বর্তমানে তিনি বঙ্গবন্ধু বিজ্ঞানী পরিষদের আহ্বায়কের দায়িত্ব পালন করছেন।

ড. মোঃ রফিকুল ইসলাম মডল দীর্ঘ চাকুরী জীবনে স্বল্প মেয়াদী, দীর্ঘ মেয়াদী এবং সেমিনার সেম্পাজিয়ামে যোগদানের জন্য যুক্তরাষ্ট্র, কানাডা, ইউকে, অস্ট্রেলিয়া, ভারত, চীন, তিউনিশিয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, শ্রীলংকা, পাকিস্তান, কোরিয়া, তাইওয়ান, নেপাল এবং মিশর সফর করেন।

কৃষিবিজ্ঞানী ড. মোঃ রফিকুল ইসলাম ১৯৫৪ সালের ২রা ডিসেম্বর রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার বাঁশ পুকুরিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তার পিতা (শহীদ) ডাঃ আকবর আলী মডল ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানী হানাদার বাহিনীর হাতে রংপুর ক্যান্টনমেন্টে নির্মমভাবে নিহত হন। তাঁর মা মরহুমা খায়রুন নেছা বঙ্গবন্ধু মন্ত্রিসভার সদস্য সাবেক মন্ত্রী মতিউর রহমানের ছোট বোন। তিনি ১৯৮১ সালে দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার শীখল গ্রামের মরহুম মনসুল আলী মিয়ান কন্যা রেহানা পারভীনের সংগে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তিনি এক মেয়ে এবং এক ছেলের জনক।